FEB. 24 2001

তারিখ ... পৃষ্ঠা ২০ কলাম ...

সারাদেশে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস 'একুশ' পালিত

জনপদ ডেস্ক : যথাযোগ্য মর্যাদায় এ বছর সারা দেশে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস মহান একুশে ফেব্রুয়ারি পালিত হয়েছে। এ সম্পর্কে আমাদের প্রতিনিধিদের পাঠানো প্রতিবেদন।

বরিশাল : একুশে প্রথম প্রহর থেকে শুরু হওয়া পুষ্পার্ঘ্য অর্পণ, প্রভাত ফেরি ও আলোচনা অনুষ্ঠানে আওয়ামী লীগ, বিএনপি, জাতীয় পার্টি ও তাদের অঙ্গসংগঠনসমূহ, বরিশাল রিপোর্টার্স ইউনিটি, প্রেসক্লাব, সাংবাদিক ইউনিয়ন, আইনজীবী সমিতি, শিক্ষক সমিতির মতো পেশাজীবী সংগঠন, ছাত্রলীগ, ছাত্র মৈত্রী, বামফ্রন্ট, ইসলামিয়া কলেজ, সিটি কলেজ, বিএম কলেজের মতো শিক্ষা প্রতিষ্ঠানসহ শতাধিক সংগঠন অংশ নেয়।

শিল্পকলা ও শিশু একাডেমি আয়োজন করে চিত্রাঙ্কন প্রতিযোগিতার। তানসেন, উদীচী, গণ শিল্পীসংস্থা পরিবেশন করে ভাষার গান ও গণসঙ্গীত। বরিশাল নাটক, খেয়ালী, কীর্তন খোলার শব্দাবলী, চতুরঙ্গ, সুরলহরী, শহীদ আলতাফ মাহমুদ সঙ্গীত বিদ্যালয়, প্রান্তিক, প্রজন্ম, ব্রজমোহন থিয়েটার, খেলাঘর, নতুন মুখ, বরিশাল থিয়েটার নাটক প্রভৃতি সংগঠনের অনুষ্ঠানে মুখরিত থাকে শহীদ মিনার প্রাঙ্গণসহ শহরের বিভিন্ন এলাকা। চারুকলা বিদ্যালয় সড়ক ও শহীদ মিনার সংলগ্ন দেয়াল চিত্রিত করে সুশোভন রঙিন আল্পনায়। অন্যবারের তুলনায় এবারের একুশ উদযাপনে বরিশালে প্রাণচাঞ্চল্য ছিল অনেক বেশি।

এছাড়া সাংস্কৃতিক সংগঠন সমন্বয় পরিষদের ১৭ ফেব্রুয়ারি থেকে কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে শুরু করা ৫ দিনব্যাপী অনুষ্ঠানমালায় প্রতিদিন আলোচনা সভা, আবৃত্তি, নৃত্য, নাটক, সঙ্গীত, গীতি আলেখ্যসহ বিভিন্ন ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান গভীর রাত পর্যন্ত উপভোগ করেছেন বিপুল সংখ্যক দর্শক-শ্রোতা।

শেরপুর : একুশের চেতনায় রুখতে হবে মৌলবাদ এই শিরোনামে শেরপুরের সাংস্কৃতিক কর্মী সংগঠক, প্রগতিশীল ব্যক্তিত্ব, মুক্তিযুদ্ধের সংগঠক, মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা-সন্তান, সাংবাদিক-সাহিত্যিক, বুদ্ধিজীবী, ব্যবসায়ী নেতৃবৃন্দ, সমাজসেবী ও মুক্তিযুদ্ধের পক্ষের সকল শক্তির সমন্বয়ে ২০১ জনকে নিয়ে গঠিত উদযাপন কমিটির পক্ষ থেকে ৩ দিনব্যাপী ব্যাপক কর্মসূচি গ্রহণ করে। প্রভাত ফেরি শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, পোস্টার প্রদর্শনী, আলোকচিত্র প্রদর্শনী, ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধের চেতনা এবং আজকের রাজনীতি 'ভাষা আন্দোলন থেকে মুক্তিযুদ্ধ' বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এরপরও ছিল ঐতিহ্যবাহী বাউল গানের আসর।

মৌলভীবাজার : একুশের প্রথম প্রহরেই লোকে লোকারণ্য হয়ে ওঠে মৌলভীবাজারের কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণ। এ সময় মৌলভীবাজারের জেলা প্রশাসক, পুলিশ সুপার, পৌরসভা চেয়ারম্যান, উপজেলা প্রশাসন, প্রেসক্লাব, মুক্তিযোদ্ধা সংসদ, সিপিবি, জাসদ, শিল্পকলা একাডেমি, ছাত্রলীগ, শাহমোস্তফা কলেজ, মঞ্জুরী জেলা নাট্য পরিষদসহ বিভিন্ন সংগঠন পুষ্পার্ঘ্য অর্পণ করে। এছাড়া আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠন, বিএনপি ও অঙ্গসংগঠন, যুব ইউনিয়ন, ছাত্র ইউনিয়ন, উদীচী, বঙ্গবন্ধু পরিষদ, বিএসএসহ অন্যান্য সামাজিক, সাংস্কৃতিক, রাজনীতিক সংগঠন প্রভাত ফেরিতে অংশগ্রহণ করে।

ফরিদপুর : একুশের প্রথম প্রহরে জেলা প্রশাসক আশফাক হামিদ, পুলিশ সুপার আব্দুল মাবুদ এবং পৌর চেয়ারম্যান হাসিবুল হাসান লাবলু শহরের অম্বিকা ময়দানস্থ কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। আওয়ামী লীগ, বিএনপি, সিপিবিসহ বিভিন্ন রাজনৈতিক দল ও অঙ্গসংগঠন, মুক্তিযোদ্ধা সংসদ, ফরিদপুর প্রেসক্লাব, সম্মিলিত সাংস্কৃতিক জোট, ফরিদপুর সাহিত্য ও সংস্কৃতি উন্নয়ন সংস্থা, '৭১-এর ঘাতক দালাল নির্মূল কমিটি রাতেই পুষ্পমাল্য প্রদান করে। আজানের পর প্রভাত ফেরি জাতীয় পতাকা অর্ধনমিতকরণ করা হয়। সকল মসজিদে মোনাজাত, কুরআনখানি, মন্দিরে ও গির্জায় বিশেষ প্রার্থনা হয়। শিশু একাডেমি আলোচনা সভা ও পুরস্কার বিতরণ এবং শিল্পকলা একাডেমি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে।

খেলাঘর আয়াজন করে আলোচনা সভা ও শিশুদের সাংস্কৃতিক অনুষ্ঠানমালার। এডাব 'মহান একুশের চেতনা ও আজকের বাংলাদেশ' শীর্ষক আলোচনা সভা করে বিকালে নিজ কার্যালয়ে। বিকাল ৫টায় স্বাধীনতা মঞ্চে ফরিদপুর সাহিত্য ও সংস্কৃতি উন্নয়ন সংস্থার আলোচনা সভা শেষে একই মঞ্চে সম্মিলিত সাংস্কৃতিক জোটের অনুষ্ঠানমালায় একুশের নাটক, সঙ্গীত, আবৃত্তি ও নৃত্য পরিবেশন করে জোটভুক্ত সংগঠনগুলো। রাজেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্র সংসদ রুকসু, উদীচী শিল্পগোষ্ঠী, ফরিদপুর প্রেসক্লাবসহ অন্য সংগঠনগুলোও গ্রহণ করে নানা কর্মসূচি।

মহিলা পরিষদ ফরিদপুর জেলা শাখা শহরের গুহলক্ষ্মীপুরে এক আলোচনা সভার আয়োজন করে। সংগঠনের সভানেত্রী আরজু করিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আলোচনায় অংশ নেন কল্পনা কাপুড়িয়া, শিপ্রারায়, নাছিমা খাতুন, খাদিজা বেগম মনি, জেসমিন কবির, হাসনা জাহান প্রমুখ।

সিলেট : সিলেট জেলা আওয়ামী লীগ, জেলা বিএনপি, ১১ দল, কেন্দ্রীয় মুসলি
সাহিত্য সংসদ, মর্মিতা, সিলেট প্রেসক্লাব, জয় বাংলা সাহিত্য পরিষদ, বন্ধু সভ
ভোরের কাগজ পাঠক ফোরাম, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, ছাত্র ইউনিয়ন, যুব ইউনিয়
বাসদ, বাস্তুহারা ভূমিহীন কল্যাণ পরিষদ নজরুল একাডেমি উদীচী চারণ, সিলেট ছা
যুব ঐক্য, নৃত্যাঙ্গন সিলেট, বাংলাদেশ লোকসঙ্গীত শিল্পী সংস্থা, খেলাঘর, সিলেট চেম্ব
অব কমার্স, বৃক্ষছায়া শাপলা কোচিং সেন্টার, মধ্যনগর থানা এসোসিয়েশনসহ বিভি
সংগঠনের উদ্যোগে ব্যাপক কর্মসূচি পালিত হয়।

রাজশাহী : দিবসটি পালন উপলক্ষে আওয়ামী লীগ জেলা ও মহানগর শাখা, মুক্তিযো
সংসদ, মুক্তিযোদ্ধা সংহতি পরিষদ, একুশ উদযাপন পরিষদ, রাজশাহী বিশ্ববিদ্যাল
সিটি করপোরেশন, রা. বি. মহিলা ক্লাব, মাদার বখশ গার্হস্থ্য অর্থনীতি কলে
রাজশাহী কলেজ, বিএনপি, রাজশাহী জেলা ও মহানগর শাখা, যুব ইউনিয়ন, এ্যাপটে
রাজশাহী শাখা, জাতীয় মহিলা সংস্থা রাজশাহী জেলা শাখা, সঙ্গীত শিক্ষণ ভবন, মহি
শিল্প প্রতিষ্ঠান, রাজশাহী প্রেসক্লাব, বাংলাদেশ জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দল, রাজশা
জেলা প্রশাসনসহ বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক দল দিনব্যাপী কর্মসূ
পালন করে।

দিনাজপুর : ২১ ফেব্রুয়ারির প্রথম প্রহর থেকে সকাল পর্যন্ত ৩ শতাধিক সংগঠ
প্রতিষ্ঠান এক হাজার মানুষ দিনাজপুর কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি অপর্ণ করে
সরকারি কলেজ ও বালুবাড়ি শহীদ মিনারও শ্রদ্ধার্ঘ্য নিবেদন করা হয়। আওয়ামী লী
বিএনপি, জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, জাতীয় পার্টির উভয় অংশ, জাসদ, সিপি
ওয়ার্কার্স পার্টি, গণফোরাম, ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন, ছাত্র দল, ছাত্র মৈত্রী, শ্রমিক লী
কৃষক লীগ, মহিলা আওয়ামী লীগ, জাতীয় মহিলা সংস্থা, প্রভাব, প্রেসক্লাব, সাংবাদি
ইউনিয়ন, বিএমএ, মেডিক্যাল কলেজ, সরকারি কলেজ, সরকারি মহিলা কলে
উদীচী, নবরূপী, দিনাজপুর নাট্য সমিতি, দিনাজপুর পৌরসভা, আইনজীবী সমি
আয়কর আইনজীবী সমিতি, আওয়ামী আইনজীবী পরিষদ, মহিলা পরিষদ, হরি
সংঘ, কেবিএম কলেজ, আদর্শ কলেজ, সঙ্গীত কলেজ, জিলা স্কুল, নাসে
এসোসিয়েশন, সরকারি ড্রাইভার সমিতিসহ বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক, এনজিও এ
পেশাজীবী সংগঠন শ্রদ্ধাঞ্জলি অর্পণ করে।

পূর্বধলা : দিবসটি পালন উপলক্ষে পূর্বধলা উপজেলা আওয়ামী লীগ, যুবলীগ, কৃষকলী
মহিলা লীগ, ওলামা লীগ, ছাত্র লীগ ও মুক্তিযোদ্ধা সংসদ ব্যাপক কর্মসূচি গ্রহণ করে
এছাড়া প্রশাসন বিভিন্ন রাজনৈতিতক, সামাজিক সাংস্কৃতিক সংগঠন স্কুল, কলেজ, মাদ্রা
পৃথক পৃথক কর্মসূচি পালন করে। কর্মসূচির মধ্যে ছিল শহীদ মিনারে পুষ্পস্তবক অর্প
জাতীয় ও দলীয় পতাকা অর্ধনমিতকরণ, কালো ব্যাজ ধারণ, শোকর‍্যালি, আলোচনা সভা
সাংস্কৃতিক অনুষ্ঠান, বিভিন্ন মসজিদ, মন্দির, গির্জাসহ ধর্মীয় প্রতিষ্ঠানগুলোতে শহীদদে
আত্মার শান্তি কামনা করে বিশেষ মোনাজাত।

পূর্বধলা থানা আওয়ামী লীগের সভাপতি আবু ছিদ্দিক আহম্মদ ও সহ-সভাপ
ওয়ারেসাত হোসেন বেলাল (বীর প্রতীক)-এর নেতৃত্বে পূর্বধলায় প্রায় ১০ সহস্রাধি
লোকের এক বিশাল র‍্যালি বের হয়। পরে থানা আওয়ামী লীগ কার্যালয়ে এক আলোচ
সভার আয়োজন করা হয়।

মতলব : ২১ ফেব্রুয়ারি রাত ১২টা ১ মিনিটে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, সূর্যোদয়ে
সঙ্গে সঙ্গে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ, সকাল ৮টায় শহীদ মিনার থেকে র‍্যালি, সকা
১০টায় আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং ভাষা শহীদদের আত্মার মাগফেরা
কামনা করে মোনাজাত করা হয়। এছাড়া ১৯ ফেব্রুয়ারি ৫ দিনব্যাপি থেকে নাট্যোৎস
শুরু হয় কচিকাঁচা প্রাঙ্গণে।

চাঁদপুর : চাঁদপুর সরকারি কলেজ শহীদ মিনারে সর্বপ্রথম বেদীতে পুষ্পস্তবক অ
করেন জেলা প্রশাসক মোঃ রেজাউল করিম। এরপর পুলিশ সুপার মোঃ আমির উদ্দী
পরপরই জেলা আওয়ামী লীগ, চাঁদপুর প্রেসক্লাব, বিএনপি, জাতীয় পার্টি, গণফোর
বাসদ সিপিবি, উদীচী, ছাত্রলীগ, যুবলীগ, শ্রমিক ও কৃষক লীগ, জাতীয়তাবাদী ছাত্র
সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, চাঁদপুর সরকারি কলেজ, সরকারি মহিলা কলেজ দৈনিক চাঁদ
দর্পণ, দৈনিক চাঁদপুর কণ্ঠসহ জেলা আইনজীবী সমিতি এবং শহরের বিভিন্ন সামা
সাংস্কৃতিক-সংগঠন পুষ্প স্তবক অর্পণ করে।

ময়মনসিংহ : জেলা প্রশাসক রফিকুল ইসলাম শহীদ মিনারে পুষ্পস্তবক অ
করে দিবসটির শুভ সূচনা করেন। এরপর একে একে জেলা পরিষদ, আওয়ামী লীগ
তার অংগ সংগঠন, বিএনপি ও তার অংগ সংগঠন, জাসদ, কমিউনিষ্ট পার্টি, বা
প্রেসক্লাব, আনন্দ মোহন কলেজ, বিএমএ ছাড়াও বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক নারী
মানবাধিকার শিক্ষা প্রতিষ্ঠান প্রভাব ফেরিতে এসে শহীদ মিনারে পুষ্পস্তবক অ
করে।